বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

**এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ**

এসএমইএসপিডি সার্কুলার নং-৫

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২২
০২ আগস্ট ২০১৫

**প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক**
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

বাংলাদেশের মানচিত্রে সদ্য অন্তর্ভুক্ত হওয়া অঞ্চলের এমএসএমই উদ্যোক্তাদের মাঝে অর্থায়ন সেবা সম্প্রসারণ প্রসঙ্গে।

বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্প্রতি সম্পাদিত স্থলসীমান্ত চুক্তির আলোকে ভারতের ১১১(একশত এগার)টি ছিটমহল বাংলাদেশে অন্তর্ভুক্ত হয়। বাংলাদেশে অন্তর্ভুক্ত হওয়া এ অঞ্চলের বাসিন্দাদের মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ঋণ বিতরণের মাধ্যমে তাঁদেরকে জাতীয় অর্থনীতির মূলধারায় সংযুক্ত করা ও তাঁদের সম্ভাবনাময় উদ্যোগসমূহ বিকশিত করা বিশেষ প্রয়োজন। এমতাবস্থায় বিদ্যমান এসএমই অর্থায়ন নীতিমালার আলোকে দেশে কার্যরত সব তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে বাংলাদেশের নাগরিকত্ব লাভকারী উদ্যোক্তাদের এসএমই অর্থায়নের আওতাভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হল।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৫০২